রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২০, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ/ ১৮ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২৩০-আইন/২০২৩।**—যেহেতু সরকার, Explosives Act, 1884 (Act No. IV of 1884), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর Section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে, সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা, ২০০৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিবার লক্ষ্যে প্রস্তাবিত সংশোধনীসমূহ উক্ত Act এর section 18 এর বিধান মোতাবেক ১০ এপ্রিল, ২০২৩ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং-৮৩ আইন/২০২৩ এর মাধ্যমে প্রাক-প্রকাশ করিয়াছিল; এবং

যেহেতু উক্ত প্রাক-প্রকাশিত প্রজ্ঞাপনে উল্লিখিত সময়সীমার মধ্যে প্রাপ্ত মতামত বা পরামর্শ বিবেচনা করিয়া কোনোরূপ পরিমার্জন ব্যতিরেকে প্রাক-প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা যে সকল বিধান সংশোধনের প্রস্তাব করা হইয়াছিল উহা চূড়ান্তভাবে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে;

সেহেতু সরকার, উক্ত Act এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে, সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা, ২০০৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (২৬) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২৬) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২৬) **"সিএনজি"** বা **"সংকুচিত প্রাকৃতিক গ্যাস"** অর্থ স্বয়ংক্রিয় যানের জ্বালানী হিসাবে বা শিল্পে ব্যবহার্য সংকুচিত প্রাকৃতিক গ্যাস যাহা গেজের মাপে প্রতি বর্গ সেন্টিমিটারে অন্যূন ২০০ (দুইশত) কেজি চাপ প্রয়োগ করে;";



**মূল্য :** টাকা ৮.০০

(খ) দফা (২৮) এর প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (২৯) ও (৩০) সংযোজিত হইবে, যথা:—

"(২৯) **"গ্যাস কম্প্রেসন ও বিতরণ স্টেশন"** অর্থ বিশেষভাবে নির্মিত স্থাপনা যাহা পাইপ লাইন হইতে সংগৃহীত প্রাকৃতিক গ্যাস উচ্চ চাপে সংকোচনের মাধ্যমে সিএনজি তৈরি, সংরক্ষণ করত সরকার নির্ধারিত শিল্পকারখানায় চাপ নিয়ন্ত্রণের মাধ্যমে প্রাকৃতিক গ্যাস সরবরাহের লক্ষ্যে স্থানান্তরযোগ্য ধারণপাত্রে সিএনজি বিতরণ করে;

(৩০) "সিএনজি মোবাইল ক্যাসকেড বা স্থানান্তরযোগ্য ধারণপাত্র" অর্থ সিএনজি মজুদ ও পরিবহণের জন্য ব্যবহৃত পারস্পরিক সংযুক্ত একাধিক সিলিন্ডার বা গ্যাসাধার স্টিল ফ্রেম, ভাল্ভ, উচ্চচাপ পাইপ লাইন ফিটিংস সহযোগে প্রস্তুতকৃত ব্যবস্থা যাহা কোনো উপযুক্ত পরিবহণ যান, যেমন-ট্রেইলার বা ট্রাক ইত্যাদির উপর স্থাপন করা হয়;";

(২) সপ্তম অধ্যায়ের পর নিম্নরূপ নূতন অধ্যায় সপ্তম-ক সন্নিবেশিত হইবে, যথা :—

**"সপ্তম-ক অধ্যায়**

**গ্যাস কম্প্রেসন ও বিতরণ স্টেশন স্থাপন ও পরিচালনা**

৬৯ক। **গ্যাস কম্প্রেসন ও বিতরণ স্টেশন স্থাপন।**—গ্যাস কম্প্রেসন ও বিতরণ স্টেশন স্থাপনের ক্ষেত্রে, প্রয়োজনীয় অভিযোজনসহ, বিধি ৪, ৮৭ এবং ৮৮ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

৬৯খ। **গ্যাস কম্প্রেসন ও বিতরণ স্টেশন পরিচালনা।**—গ্যাস কম্প্রেসন ও বিতরণ স্টেশন পরিচালনার ক্ষেত্রে, প্রয়োজনীয় অভিযোজনসহ, সপ্তম অধ্যায়ের বিধানাবলি প্রযোজ্য হইবে।

৬৯গ। **সিএনজি মোবাইল ক্যাসকেড বা স্থানান্তরযোগ্য ধারণপাত্রের ধরন।**—(১) সিএনজি মোবাইল ক্যাসকেডের উচ্চতা, প্রশস্ততা ও ওজন এইরূপ হইবে যাহাতে উহা বহনকারী পরিবহণ যান ভারসাম্যহীন হইয়া পতিত হইতে না পারে।

(২) সিএনজি মোবাইল ক্যাসকেড বা ধারণপাত্রের সহিত সংযুক্ত সকল টিউব, ফিটিংস, ভাল্ভ উহার সর্বোচ্চ কার্যকরী চাপের ১.৫ গুণ চাপে বায়ু বা নাইট্রোজেন দ্বারা উপযুক্ত ব্যক্তির তত্ত্বাবধানে চাপ পরীক্ষা করিতে হইবে।

(৩) সিএনজি মোবাইল ক্যাসকেড স্টোরেজে ক্যাসকেডের সিরিয়াল নম্বর, নির্মাতার নাম, সিলিন্ডারের বা গ্যাসাধারের সিরিয়াল নম্বর, উদস্থিতি পরীক্ষণ তারিখ, কার্যকরী চাপ, মোট জলধারণ ক্ষমতা, পরবর্তী উদস্থিতি পরীক্ষণ তারিখ, ইত্যাদি তথ্য সম্বলিত শনাক্তকরণ পাত সংযুক্ত করিতে হইবে।

(৪) সিলিন্ডার বা গ্যাসাধার একটি অপরটি হইতে পৃথক থাকিবে এবং পৃথক করিবার জন্য ব্যবহৃত পদার্থ যথেষ্ট মজবুত, ক্ষয়রোধী, আর্দ্রতারোধী এবং স্থির বিদ্যুৎরোধী ধরনের হইবে।

(৫) প্রতিটি সিলিন্ডারের বা গ্রাসাধারের সহিত স্বতন্ত্র ভাল্ভে এইরূপ ব্যবস্থা থাকিবে যাহাতে পরস্পর সংযুক্ত সিলিন্ডারের বা গ্যাসাধারের মধ্য হইতে প্রতিটি ভাল্ভ স্বতন্ত্রভাবে বন্ধ বা বিচ্ছিন্ন করা যায় যাহাতে কোনো ভাল্ভ অকার্যকর হইলে সকল সিলিন্ডার বা গ্যাসাধার হইতে গ্যাস নির্গত হওয়া রোধ করা যায়।

(৬) সকল ধারণপাত্রের ভাল্ভ ও পাইপ ফিটিং সিএনজি সার্ভিসের জন্য ডিজাইন তাপমাত্রা ও চাপে উপযোগী হইতে হইবে এবং ভাল্ভ বা ফিটিংস এর সাথে সার্ভিস রেটিং স্পষ্টভাবে উল্লেখ থাকিবে।

৬৯ঘ। **সিএনজি মোবাইল ক্যাসকেড পরিবহণ।**—(১) সিএনজি মোবাইল ক্যাসকেড পরিবহণের ক্ষেত্রে গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ এর বিধি ২৮ হইতে ৩১ বা, প্রযোজ্য ক্ষেত্রে, গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫ এর চতুর্থ অধ্যায়ের বিধানাবলী, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে।

(২) সিএনজি মোবাইল ক্যাসকেডসমূহ যে পরিবহণ যানে স্থানান্তর বা পরিবহণ করা হইবে উহার আকৃতি, ভারবহন ক্ষমতা, সাসপেনশনের ক্ষমতা ইত্যাদি ক্যাসকেডের আকার, ভর ইত্যাদির সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে এবং পরিবহণ যান নদী পথ ও সড়ক পথে চলাচলের জন্য, প্রযোজ্য ক্ষেত্রে, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্তৃপক্ষ ও বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করিতে হইবে।

(৩) সিএনজি সিলিন্ডার বা গ্যাসাধার পরিবহণকারী যানের সুবিধাজনক স্থানে সিএনজির আগুন নির্বাপণে কার্যকর অন্যূন ২ (দুই) টি শুষ্ক পাউডার জাতীয় অগ্নিনির্বাপক যন্ত্র তাৎক্ষণিকভাবে ব্যবহারের জন্য প্রস্তুত রাখিতে হইবে।

(৪) সিএনজি মোবাইল ক্যাসকেড বা স্থানান্তরযোগ্য ধারণপাত্রের ধরন বিধি ৬৯গ অনুযায়ী নির্মাণ সম্পন্নের পর এই বিধি অনুযায়ী পরিবহণের উপযোগী কিনা উহা উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের মাধ্যমে যাচাই করিতে হইবে।

৬৯ঙ। **সিএনজি'র চাপ নিয়ন্ত্রণের মাধ্যমে শিল্প-কারখানায় গ্যাস সরবরাহ।**—(১) স্থানান্তরযোগ্য ধারণপাত্র ব্যবস্থা যে আঙ্গিনা বা স্থানে রাখিয়া বা দাঁড় করাইয়া সিএনজি'র চাপ নিয়ন্ত্রণের মাধ্যমে গ্যাস সরবরাহ করা হইবে সেই আঙ্গিনা বা স্থানের জন্য বিধি ৫৭ ও ৫৮ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

(২) সিএনজি'র চাপ নিয়ন্ত্রণের মাধ্যমে গ্যাস সরবরাহ ব্যবস্থায় স্থানীয় গ্যাস সঞ্চালন বা বিতরণ কোম্পানির তত্ত্বাবধানে সিএনজি'র চাপ নিয়ন্ত্রণ যন্ত্রাদি, গ্যাস মিটার বা পাইপ লাইন স্থাপন করিতে হইবে।

(৩) বৈদ্যুতিক ও স্থির বিদ্যুৎ হইতে সৃষ্ট বিপদ থেকে সুরক্ষার জন্য মোবাইল ক্যাসকেডে গ্যাসভর্তি ও ডিসচার্জের সময় যানটির সহিত ভূ-সংযোগ (earthing) প্রদান করিতে হইবে এবং যানে গ্যাসভর্তি অথবা গ্যাস খালাসকরণ কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত উক্তরূপ সংযোগ বহাল রাখিতে হইবে।

৬৯চ। **গ্যাস কম্প্রেসন ও বিতরণ স্টেশনের ক্ষেত্রে অন্যান্য বিধানাবলীর প্রযোজ্যতা।**—গ্যাস কম্প্রেসন ও বিতরণ স্টেশনের ক্ষেত্রে, এই বিধিমালার অন্যান্য বিধানাবলী প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ুন কবীর**
অতিরিক্ত সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd